


বাংলা সাহিত্যের ইতিহাস

# বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

(১৮৩৮-১৮৯৪)

অধ্যাপক অনুপম সৎপতি, বাংলা বিভাগ

অভেদানন্দ মহাবিদ্যালয়



প্রথম পর্ব

- জন্ম

ঋষি বঙ্কিমচন্দ্র ১৮৩৮ সালের ২৬ জুন উত্তর চব্বিশ পরগনার নৈহাটির কাঁঠালপাড়ায় মাতুলালয়ে জন্মগ্রহণ করেন। পিতা যাদবচন্দ্র পেশায় ডেপুটি ম্যাজিস্ট্রেট ছিলেন।

- শিক্ষা

১৮৫৮ সালে নবপ্রতিষ্ঠিত কলিকাতা বিশ্ববিদ্যালয় থেকে বি এ পরীক্ষায় উত্তীর্ণ হন। বঙ্কিমচন্দ্রই বাংলা তথা ভারতের প্রথম গ্রাজুয়েট।

১৮৬৯ সালে আইন পরীক্ষাতেও সাফল্য লাভ করেন।

- পেশা
  - বঙ্কিমচন্দ্র পেশায় ছিলেন ডেপুটি ম্যাজিস্ট্রেট ও ডেপুটি কালেক্টর।
  - বাংলা-বিহার-উড়িষ্যা জুড়ে কর্মক্ষেত্রের বিস্তার।
  - কর্মজীবনে সাফল্যের স্বীকৃতি হিসাবে ইংরেজ সরকারের পক্ষ থেকে পেয়েছেন 'রায়বাহাদুর' ও 'সি আই ই' খেতাব।
  - তেত্রিশ বছরের কর্মজীবন শেষে ১৮৯১ সালে অবসর নেন।

### মৃত্যু

১৮৯৪ সালের ৮ এপ্রিল মাত্র ৫৬ বৎসর বয়সে বহুমূত্র রোগে প্রয়াত হন।

### সাহিত্যকীর্তি

- ১৫/১৬ বৎসর বয়সেই ঈশ্বরচন্দ্র গুপ্ত সম্পাদিত 'সংবাদ প্রভাকর' ও 'সংবাদ সাধুরঞ্জন' পত্রিকায় গদ্যে ও পদ্যে নিয়মিত লিখতেন।
- ১৮৬৪ সালে ইংরেজি ভাষায় Rajmohan's Wife - নামক উপন্যাস রচনা করেন।
- পরের বৎসর, অর্থাৎ ১৮৬৫ সালে বঙ্কিমচন্দ্র রচনা করলেন বাংলা ভাষায় লেখা প্রথম খাঁটি উপন্যাস- 'দুর্গেশনন্দিনী'।
- ১৮৭২ সালে বঙ্কিমচন্দ্র 'বঙ্গদর্শন' নামক সাময়িক পত্র সম্পাদনার মধ্য দিয়ে বাংলা সাহিত্য জগতে রবীন্দ্রনাথের ভাষায় 'সূর্যোদয়' ঘটালেন।
- এই পত্রেই ক্রমে প্রকাশিত হল বঙ্কিমচন্দ্রের নিম্নোক্ত উপন্যাস সমূহ-
  - বিষবৃক্ষ-১৮৭৩
  - ইন্দিরা-১৮৭৩
  - যুগলাঙ্গুরীয়-১৮৭৪
  - চন্দ্রশেখর- ১৮৭৫
- এই সমস্ত উপন্যাস রচনার সঙ্গে সঙ্গে বঙ্কিম লিখছেন-লোকরহস্য, বিজ্ঞানরহস্য, কমলাকান্তের দপ্তর, সাম্য- ইত্যাদি প্রবন্ধ সংকলন।
- পরবর্তীকালে প্রকাশিত উপন্যাস-
  - রাধারানী-১৮৭৬
  - রজনী-১৮৭৭
  - কৃষ্ণকান্তের উইল-১৮৭৮
  - রাজসিংহ-১৮৮২
  - আনন্দমঠ-১৮৮২
  - দেবী চৌধুরাণী-১৮৮৪

---

সীতারাম- ১৮৮৭

- সাহিত্য জীবনের শেষ লগ্নে বঙ্কিমচন্দ্র উপন্যাস রচনা থেকে সরে এসে লোকশিক্ষায় মনোনিবেশ করলেন।
- সম্পাদনা করলেন 'নবজীবন' ও 'প্রচার' পত্রিকা। এই দুই পত্রিকায় প্রকাশিত হল তাঁর ধর্মতত্ত্ব ও দর্শন। নবজীবন পত্রিকায় প্রকাশিত হলো ধর্ম বিষয়ক প্রবন্ধ সংকলন- 'অনুশীলন'। প্রচার পত্রিকায় প্রকাশ পেল - 'কৃষ্ণচরিত্র'।
- শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় বঙ্কিমচন্দ্রের বাংলা উপন্যাসে অবদান সম্পর্কে লিখেছেন-'বঙ্কিমের হাতে বাংলা উপন্যাস পূর্ণ যৌবনের শক্তি ও সৌন্দর্য লাভ করিয়াছে'।

বঙ্কিমচন্দ্রের উপন্যাসসমূহের শ্রেণীবিভাগ

ঐতিহাসিক ও রোমান্সধর্মী-

- দুর্গেশনন্দিনী
- কপালকুন্ডলা
- মৃগালিনী
- যুগলাঙ্গুরীয়
- চন্দ্রশেখর
- রাজসিংহ
- সীতারাম

সামাজিক ও গার্হস্থ্যধর্মী উপন্যাস

- বিষবৃক্ষ
- রজনী
- কৃষ্ণকান্তের উইল

তত্ত্ব ও দেশাত্মবোধক উপন্যাস

- অনন্দমঠ
- দেবী চৌধুরাণী

উপন্যাসিকা

- ইন্দिरা
- রাধারাণী

.....:

